



## আজ এসএসসি পরীক্ষা শুরু

॥ স্টাফ রিপোর্টার ॥

আজ থেকে দেশের চারটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। আগামী ২২ মার্চ পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে এ পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে।

এবার চারটি বোর্ডে প্রায় ৩ লাখ ৬৬ হাজার ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। সারা দেশে প্রায় ৬শ' কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। দেশের বাইরে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের জন্য ৮টি কেন্দ্র রয়েছে। আজ বাংলা পরীক্ষা। ঢাকা মহানগরীতে ৪১টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করার উদ্দেশ্যে এসব কেন্দ্রের ২শ' গজের মধ্যে একত্রে ৪ ব্যক্তির জমায়েত ও চলাফেরা নিষিদ্ধ করা হয়েছে। এ নিষেধাজ্ঞা সকল পরীক্ষা দিবসে বলবৎ থাকবে।